

UG/2nd Sem/H/20(CBCS)

2020

BENGALI (Honours)

Paper : BNGH - DC -4

[ছন্দ ও অলংকার]

(CBCS)

Full Marks : 32

Time : Two Hours

দক্ষিণ পাশ্চাত্য সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (প্রতিটি উত্তর অনধিক ৪০০ শব্দের মধ্যে লিখতে হবে)

১। দল কাকে বলে ? দলের শ্রেণীবিভাগ করো। বাংলা ছন্দে দলের গুরুত্ব আলোচনা করো।

২+৩+৩=৮

অথবা

কলাবৃত্ত ছন্দ অন্য কী কী নামে পরিচিত ? এই ছন্দের বৈশিষ্ট্যসমূহ উদাহরণসহ আলোচনা করো।

২+৬=৮

২। যে কোনো দুটি কবিতাংশের ছন্দোলিপি প্রস্তুত করো :

৪×২=৮

(ক) তুমি জীবনের পাতায় পাতায় অদৃশ্য লিপি দিয়া
পিতামহদের কাহিনি লিখেছ মজ্জায় মিশাইয়া।

(খ) এক গাঁয়ের এক চাষার ছেলে লম্বা মাথার চুল।
কালো মুখেই কালো ভ্রমর কিসের রঙিন ফুল।

(গ) আমার বসন্ত কাটে খাদ্যের সারিতে প্রতীক্ষায়
আমার বিনীত রাতে সতর্ক সাইরেন ডেকে যায়।

(ঘ) হৃদয়ক মৃগমদ গীমক হার।
দেহক সরবস গেহক সার।।

৩। যমক কাকে বলে ? উদাহরণসহ যমকের শ্রেণীগুলির পরিচয় দাও। যমকের সাথে শ্লেষের পার্থক্য কোথায় ? ২+৩+৩=৮

অথবা

উদাহরণসহ টীকা লেখো যে কোনো দুটি : ৪×২=৮
ব্যতিরেক, অপহুতি, সমাসোক্তি, বিরোধভাস।

৪। নিম্নলিখিত কবিতাংশের অলংকার নির্ণয় করো, যে কোনো দুটি : ৪×২=৮

(ক) কানুর পীরিতি চন্দনের রীতি
ঘষিতে সৌরভময়।

(খ) ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়
পূর্ণিমা চাঁদ যেন ঝলসানো রুটি।

(গ) ষড়ঋতু ছলে ষড়রিপু খেলে
কাম হতে মাৎসর্য।

(ঘ) মাথার উপর জ্বলিছেন রবি, রয়েছে
সোনার শতছেলে।
